



২০২২-২০২৩ উৎপীড়ন-বিরোধী চুক্তি

অভিপ্রায়ের বিবৃতি

আমরা সকলের জন্য একটি যত্নশীল, বন্ধুত্বপূর্ণ ও নিরাপদ পরিবেশ সরবরাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ যাতে তারা একটি স্বাচ্ছন্দ্যময় এবং নিরাপদ পরিবেশে কাজ করতে এবং শিখতে পারে। হ্যামট্রামিক পাবলিক স্কুলসে যেকোনো ধরনের উৎপীড়ন অগ্রহণযোগ্য। এছাড়াও, কেউ যদি জানে যে উৎপীড়ন ঘটছে তাহলে কোনো স্টাফ সদস্যকে অবহিত করবে বলে আশা করা হচ্ছে।

"উৎপীড়ন" অর্থ কোনো লিখিত, মৌখিক, বা শারীরিক কর্ম, অথবা কোনো বৈদ্যুতিক যোগাযোগ, যাতে সাইবার বুলিং অন্তর্ভুক্ত, তবে এতেই সীমাবদ্ধ নয়, যা উদ্দেশ্য প্রণোদিত অথবা কোনো বোধসম্পন্ন ব্যক্তি বোঝেন যে নিম্নলিখিতের মধ্যে যেকোনো একটি করা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এক বা একাধিক শিক্ষার্থীর ক্ষতি করতে পারে:

1. বারবার, ইচ্ছাকৃত, এবং উদ্দেশ্য প্রণোদিত আচরণের স্বতন্ত্র প্যাটার্ন যা কোনো শিক্ষার্থীকে জ্বরদস্তি, বা বল প্রয়োগ ও নিয়ন্ত্রণের অন্যান্য ধরনের মাধ্যমে ক্ষতি এবং/অথবা অপমানিত করার উদ্দেশ্যে করা।
2. ট্যাগেট হওয়া শিক্ষার্থী নিজেকে রক্ষা করার জন্য কঠিন সময় পার করে।
3. ডিস্ট্রিক্ট বা স্কুলের শিক্ষামূলক কর্মসূচি বা কার্যক্রমে শিক্ষার্থীকে যুক্তিসঙ্গত ভয় বা শারীরিক ক্ষতির মধ্যে রেখে অথবা যথেষ্ট মানসিক যন্ত্রণা সৃষ্টি করে অংশগ্রহণ বা উপকৃত হওয়ার জন্য শিক্ষার্থীর সক্ষমতাকে প্রতিকূলভাবে প্রভাবিত করে।
4. ১ বা একাধিক শিক্ষার্থীর শিক্ষাগত সুযোগ, সুবিধা, বা কর্মসূচিতে যথেষ্ট পরিমাণে হস্তক্ষেপ করা।
5. একজন শিক্ষার্থীর শারীরিক বা মানসিক/মনস্তাত্ত্বিক স্বাস্থ্যের উপর প্রকৃত ও যথেষ্ট ক্ষতিকারক প্রভাব সৃষ্টি করা।
6. স্কুলের সুশৃঙ্খল কার্যক্রমে যথেষ্ট বিঘ্ন, বা যথেষ্ট হস্তক্ষেপের সৃষ্টি করা।
7. টেক্সট/ডাটা বার্তা, ইমেইল এবং সামাজিক নেটওয়ার্কিং সাইট, যাতে TikTok, BeReal, SnapChat অন্তর্ভুক্ত, তবে সীমাবদ্ধ নয়, এগুলোর মাধ্যমে কোনো ব্যক্তিকে জোর করা, ভয় দেখানো, হয়রানি করার উদ্দেশ্যে অথবা মানসিক কষ্টের কারণ হতে পারে এমন তথ্যের যেকোনো আদানপ্রদান করা।

আমরা অবগত আছি যে উৎপীড়নের ফলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

উৎপীড়ন-বিরোধী চুক্তি

অনুগ্রহ করে আপনার সন্তানের সাথে চুক্তিটি পড়া ও আলোচনা করার স্বীকারোক্তি হিসেবে নিচের অংশ পূরণ ও স্বাক্ষর করুন।

শিক্ষার্থীর নাম (অনুগ্রহ করে স্পষ্টাক্ষরে লিখুন)

শিক্ষার্থীর স্বাক্ষর

মা/বাবা/অভিভাবকের নাম

মা/বাবা/অভিভাবকের স্বাক্ষর

গ্রেড

তারিখ